



## মৎস্য অধিদপ্তর, গাজীপুর

টেকসই উন্নয়ন অভিষ্ট-২০৩০ এর ১৪ নং অভিষ্টের সাথে মৎস্যখাত প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট। জিডিপিতে মৎস্য সম্পদের অবদান ৩.৬৫%। দেশের মোট জনগোষ্ঠীর প্রায় ১১ শতাংশ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের জীবিকার জন্য মৎস্য সেক্টরের উপর নির্ভরশীল। প্রাণিজ আমিষের চাহিদার ক্ষেত্রে মাছের অবদান ৬০% এবং প্রতিদিন আমিষের চাহিদা প্রায় ৬২.৩৬ গ্রাম, যা স্থানীয়ভাবে উৎপাদিত মাছ থেকে পূরণ হয়। গাজীপুর জেলায় প্রায় ৩৪৮৩০.০০ হেক্টর জলাশয় রয়েছে, যার মধ্যে পুকুর, দীঘি, খাল, নদী, বিল, প্লাবনভূমি ইত্যাদি অন্তর্ভুক্ত। এরমধ্যে প্রায় ২৩২১৫ হেক্টর প্লাবনভূমি রয়েছে। গাজীপুর জেলায় মাছের চাহিদা ৬০৩১২.০০ মেঃ টন ও বার্ষিক মাছ উৎপাদন ৫৪৪৬২.০০ মেঃ টন এবং মাছ ঘাটতি ৫৮৭৮.০০ মেঃ টন। মাছ চাষ সম্প্রসারণের সাথে সাথে মানসম্পন্ন রেণু ও পোনার বর্ধিত চাহিদা পূরণের লক্ষ্যে সরকারী হ্যাচারী ও নার্সারীগুলোতে কৌলিতাত্ত্বিক মানসম্পন্ন রেণু ও পোনা উৎপাদনে মডেল এবং সরকারী-বেসরকারী পর্যায়ে মৎস্য অভয়াশ্রমস্থাপন, ব্যক্তি পর্যায়ে মাছচাষে উদ্বুদ্ধকরণ ও প্রনোদনা প্রদান এবং প্রশিক্ষণের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গাজীপুর জেলায় মৎস্য অধিদপ্তর কাজ করে যাচ্ছে। মৎস্য সম্পদের উন্নয়ন ও উৎপাদন বৃদ্ধি, আত্মকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচন ও মৎস্যজীবীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, মৎস্য উৎপাদনের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন এবং পরিবেশ ভারসাম্য রক্ষা, জীববৈচিত্র্য সংরক্ষণ ও জনস্বাস্থ্যের উন্নয়ন সংক্রান্ত বিষয় বিবেচনা করে গাজীপুর জেলায় রূপকল্প ২০২১, টেকসই উন্নয়ন অভিষ্ট ২০৩০ ও রূপকল্প ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে জেলার মৎস্য বিভাগ সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করেছে।

গাজীপুর জেলার জলাশয় সম্পদ



গাজীপুর জেলায় মৎস্য উৎপাদন চিত্র



কর্মপরিকল্পনা

সেক্টর	ডিশন	কার্যক্রম	এসডিজি-২০৩০ ও জাতীয় লক্ষ্যমাত্রার সংশ্লিষ্টতা			বর্তমান অবস্থা	কর্মপরিকল্পনা			সূচক/ মন্তব্য
			এসডিজি লক্ষ্যমাত্রা	জাতীয় লক্ষ্যমাত্রা			স্বল্পমেয়াদী ২০১৮-২০২১	মধ্যমেয়াদী ২০১৮-২০৩০	দীর্ঘমেয়াদী ২০১৮-২০৪১	
				২০২১	২০৩০					
কৃষি	নিরাপদ ও টেকসই মৎস্য	১। গাজীপুর জেলার প্রাকৃতিক ও অন্যান্য জলাশয় এবং মৎস্য সম্পদ পুনরুদ্ধার								
		ক) মৎস্য অভয়াশ্রম স্থাপন	৬.৬ ২.১, ২.৩ ২.৫	উৎপাদন বৃদ্ধি।	উৎপাদন বৃদ্ধি	বিভিন্ন সময়ে স্থাপিত ২৩ টি মৎস্য অভয়াশ্রমের মধ্যে ৬টি কার্যকর রয়েছে। অবশিষ্টগুলি মেরামতযোগ্য	২৮ টি	৩৫ টি	৪২ টি	সূচক- প্রাকৃতিক জলাশয়ে দেশীয় মাছের উৎপাদন বৃদ্ধি
		খ) পলি দ্বারা ভরাটকৃত সরকারী পুকুর, খাল, বিল ও অন্যান্য জলাশয় পুনঃখনন	৬.৬ ২.১, ২.৩ ২.৫	মাত্রাতিরিক্ত মৎস্য আহরণ	মাত্রাতিরিক্ত মৎস্য আহরণ	বর্তমানে ১ % এর কম ক্ষেত্রে পুনঃখনন করা হয়েছে	১০%	৪০%	৭০%	সূচক- সরকারী পুকুর, খাল ও বিল পুনঃখনন সম্পন্ন
		গ) মৎস্য সংরক্ষণ আইনসমূহ প্রয়োগ	৬.৬ ২.১, ২.৩ ২.৫	৫%/ব্যৎস র হ্রাস।	৫%/ব্যৎস র হ্রাস।	বর্তমানে ২০ % এর কম ক্ষেত্রে আইন প্রয়োগ সম্ভব হচ্ছে	৩০%	৭০%	৯০%	সূচক- মৎস্য সংরক্ষণ আইন পরিপন্থি মৎস্য আহরণ হ্রাস
		ঘ) বিল নার্সারী স্থাপন	৬.৬ ২.১, ২.৩ ২.৫	বার্ষিক ২% কর্মসংস্থান সৃষ্টি	বার্ষিক ২% কর্মসংস্থান সৃষ্টি	বর্তমানে প্রায় ৩.০ হেক্টর জলায়তনে বিল নার্সারী স্থাপন করা হয়েছে	১৫ হেঃ	৪০ হেঃ	৭৫ হেঃ	সূচক- বিল/জলাশয়ে মজুদকৃত নার্সারির পোনার প্রাপ্যতা বৃদ্ধি;
		ঙ) উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ	৬.৬, ২.১, ২.৩ ২.৫	জেলেদের জীবনমান উন্নয়ন	জেলেদের জীবনমান উন্নয়ন	বর্তমানে প্রায় ২.০মে.টনপোনা অবমুক্ত করা হয়েছে	১০মে.টন	২০মে.টন	৩০মে.টন	সূচক- অভ্যন্তরীণ উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধি
		চ) অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে সমাজভিত্তিক	৬.৬, ৮.২ ২.১, ২.৩			বর্তমানে কার্যক্রম চলমান নেই	৩টি	১০টি	২০টি	সূচক- সমাজভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থাপনা দৃশ্যমান

কর্মপরিকল্পনা

সেক্টর	ভিশন	কার্যক্রম	এসডিজি-২০৩০ ও জাতীয় লক্ষ্যমাত্রার সংশ্লিষ্টতা		বর্তমান অবস্থা	কর্মপরিকল্পনা			সূচক/ মন্তব্য	
			এসডিজি লক্ষ্যমাত্রা	জাতীয় লক্ষ্যমাত্রা		স্বল্পমেয়াদী ২০১৮-২০২১	মধ্যমেয়াদী ২০১৮-২০৩০	দীর্ঘমেয়াদী ২০১৮-২০৪১		
				২০২১						২০৩০
		মৎস্যচাষ ব্যবস্থাপনা প্রবর্তন	২.৫							
		ঠ) সরকারী জলাশয় ব্যবস্থাপনায় প্রকৃত জেলেদের অগ্রাধিকার প্রদান	২.১, ২.৩ ২.৫ ১৬.৯	১৬.৯.১ ৬০%	১৬.৯.১ ১০০%	৭১২২ জন আইডি প্রদান করা হয়েছে।	প্রকৃত জেলেদের নিকট জলাশয় ইজারা প্রদান	জেলেদের সক্ষমতা বৃদ্ধি	জেলেদের সক্ষমতা বৃদ্ধি	এ জেলায় বিদ্যমান সরকারী জলাশয়গুলো যাতে প্রকৃত মৎস্যজীবী / জেলেগণ লিজ নিতে পারে সেজন্য তাদেরকে প্রদেয় জেলে আইডি কার্ডের ব্যবহার বাধ্যতামূলক করা প্রয়োজন; ফলে তাদের কর্মসংস্থান ও জীবনমান দুটোই উন্নত হবে। <b>সূচক-</b> সরকারী জলাশয় জেলেদের ইজারা প্রাপ্তি
কৃষি	টেকসই ও নিরাপদ কৃষি	২। প্রযুক্তি নির্ভর আধুনিক মৎস্যচাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান ও উদ্যোক্তা তৈরী- এর ফলে এ জেলার মৎস্যচাষীরা আধুনিক প্রযুক্তি নির্ভর উক্ত মাছচাষ পদ্ধতিগুলো সম্পর্কে জানতে ও প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তবে প্রয়োগ করতে পারবে।								
		ক) মৎস্য খামার নিবন্ধন	২.১, ২.৩ ২.৫	-	-	কোন খামার নিবন্ধিত নয়	মোট খামারের ৩০%	সকল মৎস্য খামার	নিয়মিত নবায়ন	<b>সূচক-</b> অনিবন্ধিত কোন খামার নেই
		খ) রিসাইক্লিং একুয়াকালচার পদ্ধতি (আরএএস)	২.১, ২.৩ ২.৫	০.৫ হেক্টর	৩.০ হেক্টর	বর্তমানে কোন উদ্যোগ চলমান নেই	১ টি	১০ টি	২৫ টি	বাজার চাহিদারসাথে সংগতিপূর্ণ বানিজ্যিক উৎপাদন সম্ভব। এ পদ্ধতিতে নিয়ন্ত্রিত পরিবেশে মানসম্পন্ন মাছ উৎপাদন করে বৈদেশিক বাজারে সরবরাহ করা যাবে। <b>সূচক-</b> আরএএস খামার প্রতিষ্ঠিত।
		গ) বায়োফ্লক পদ্ধতিতেমাছচাষে	২.১, ২.৩	০.৫ হেক্টর	৫ হেক্টর	বর্তমানে ১টি খামারে চাষ হচ্ছে	৩	১০ টি	২৫	বাজার চাহিদারসাথে সংগতিপূর্ণ বানিজ্যিক উৎপাদন সম্ভব। এ পদ্ধতিতে অল্প পানি ব্যবহার করে পরিবেশ বান্ধব ও মানসম্পন্ন মাছ উৎপাদন করে বৈদেশিক বাজারে সরবরাহ করা যাবে। <b>সূচক-</b> বায়োফ্লক খামার প্রতিষ্ঠিত।
		ঘ) কুচিয়া চাষ পদ্ধতি	২.৪	-	-	বর্তমানে কোন উদ্যোগ চলমান নেই	৩	১০ টি	১৫	এর ফলে এ জেলায় মৎস্য চাষীরা আধুনিক মাছচাষ চাষ সম্পর্কে জানতে পারবে এবং প্রশিক্ষণ লব্ধ জ্ঞান বাস্তবে প্রয়োগ করতে পারবেন।
		ঙ) রঞ্জীন (একুয়ারিয়াম) মাছের পোনা উৎপাদন				বর্তমানে কোন উদ্যোগ চলমান নেই	৪	১০ টি	২০	এর ফলে এ জেলায় মৎস্য চাষীরা আধুনিক মাছচাষ চাষ সম্পর্কে জানতে পারবে এবং প্রশিক্ষণ লব্ধ

কর্মপরিকল্পনা

সেক্টর	ভিশন	কার্যক্রম	এসডিজি-২০৩০ ও জাতীয় লক্ষ্যমাত্রার সংশ্লিষ্টতা		বর্তমান অবস্থা	কর্মপরিকল্পনা			সূচক/ মন্তব্য	
			এসডিজি লক্ষ্যমাত্রা	জাতীয় লক্ষ্যমাত্রা		স্বল্পমেয়াদী ২০১৮-২০২১	মধ্যমেয়াদী ২০১৮-২০৩০	দীর্ঘমেয়াদী ২০১৮-২০৪১		
				২০২১						২০৩০
									জ্ঞান বাস্তবে প্রয়োগ করতে পারবেন।	
		ঘ) খাঁচায় মাছচাষে উদ্যোক্তা তৈরি	২.১, ২.৩ ২.৫	অতিরিক্ত ২০ হেক্টর	অতিরিক্ত ১০০ হেক্টর	বর্তমানে খাঁচায় মাছচাষ হচ্ছে না	১০০ টি	৫০০ টি	স্থায়ীত্বশীল চাষ ব্যবস্থাপনা	বাজার চাহিদারসাথে সংগতিপূর্ণ বানিজ্যিক উৎপাদন সম্ভব। এ পদ্ধতিতে অধিক ঘনত্বে চাষ করা যায়। বেকার যুবক, ভূমিহীন ও প্রান্তিক জেলেদের বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা যেতে পারে। মানসম্পন্ন মাছ উৎপাদন করে বৈদেশিক বাজারে সরবরাহ করা যাবে। <b>সূচক-</b> খাঁচায় মাছচাষ দৃশ্যমান।
		ঙ) পেনে মাছচাষ	২.১, ২.৩ ২.৫, ৬.৬	অতিরিক্ত ৫০০ হেক্টর	অতিরিক্ত ৫০০০ হেক্টর	বর্তমানে ১টি সমিতির মাধ্যমে পেনে মাছচাষ হচ্ছে।	৫টি	৩০ টি	স্থায়ীত্বশীল চাষ ব্যবস্থাপনা	বর্ষা মৌসুমে প্লাবিত ভূমিতে সমাজভিত্তিক মাছচাষের মাধ্যমে ভূমির ব্যবহার নিশ্চিত করা যায়। বেকার যুবক, ভূমিহীন ও প্রান্তিক জেলেদের বিকল্প কর্মসংস্থান ও আয়ের সুযোগ সৃষ্টি করা যাবে। <b>সূচক-</b> পেনে মাছচাষ দৃশ্যমান।
		চ) নিরাপদ মৎস্য প্রাপ্তির জন্য উত্তম মাছচাষ অনুশীলন প্রবর্তন	২.১, ২.৩ ২.৫			মোট খামারের ৫% এর	৩০%	৯০%	১০০%	গুড এ্যাকুয়াকালচার প্রাকটিস বিষয়ে মৎস্যচাষীদের প্রশিক্ষণ ও প্রনোদনা প্রদান এবং মডেল খামারের মাধ্যমে নিরাপদ মৎস্য উৎপাদন করা সম্ভব। নিরাপদ মৎস্য ও মৎস্য পণ্য রপ্তানিকারে বৈদেশিক মুদ্রা আয় বৃদ্ধিও সম্ভব; <b>সূচক-</b> বাজারে অ-নিরাপদ মাছ ও মৎস্য পণ্য দৃশ্যমান নয়।
		ছ) আধুনিক প্রযুক্তি নির্ভর মৎস্য প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট স্থাপন	২.১, ২.৩ ২.৫			বর্তমানে আধুনিক প্রযুক্তি নির্ভর মৎস্য প্রক্রিয়াজাতকরণ স্থাপনা নেই	১টি প্ল্যান্ট স্থাপন	প্রতি উপজেলায় ১টি করে প্ল্যান্ট স্থাপন	প্রযুক্তি নির্ভর মৎস্য প্রক্রিয়াকরণ	চাষি পর্যায়ে লোকসান এড়াতে উৎপাদিত উদ্বৃত্ত মাছ সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ করা জরুরী। <b>সূচক-</b> আধুনিক প্রযুক্তি নির্ভর মৎস্য প্রক্রিয়াজাতকরণ স্থাপনা দৃশ্যমান।
		জ) মৎস্য খাদ্য ব্যবস্থাপনা যান্ত্রিকীকরণ ও ডিজিটালকরণ	২.১, ২.৩ ২.৫			<১%	৫%	২০%	৫০%	মাছচাষের ক্ষেত্রে সবচেয়ে ব্যয়বহল বিষয় হলো মাছের কৃত্রিম খাবার। প্রায় ৬০-৮০ ভাগ খরচ হয় কৃত্রিম খাবার ক্রয়ের জন্য। এ ব্যবস্থাপনার মাধ্যমে

কর্মপরিকল্পনা

সেক্টর	ভিশন	কার্যক্রম	এসডিজি-২০৩০ ও জাতীয় লক্ষ্যমাত্রার সংশ্লিষ্টতা		বর্তমান অবস্থা	কর্মপরিকল্পনা			সূচক/ মন্তব্য	
			এসডিজি লক্ষ্যমাত্রা	জাতীয় লক্ষ্যমাত্রা		স্বল্পমেয়াদী ২০১৮-২০২১	মধ্যমেয়াদী ২০১৮-২০৩০	দীর্ঘমেয়াদী ২০১৮-২০৪১		
				২০২১						২০৩০
									খাদ্য প্রয়োগের হার কমানোর ফলে ব্যয় হ্রাস করা যায়। <b>সূচক-</b> খামারে আধুনিক খাদ্য ব্যবস্থাপনা দৃশ্যমান।	
		ঝ) এরেশন (Airation) ব্যবস্থা যান্ত্রিকীকরণ ও ডিজিটালকরণ	২.১, ২.৩ ২.৫		<৫%	১০%	২০%	৫০%	নিবিড় ও আধানিবিড় পদ্ধতিতে মাছচাষেরফলে সৃষ্ট অতিরিক্ত পুষ্টি উপাদানের ক্ষতিকারক প্রভাবকে এয়ারেশনের মাধ্যমে মৎস্যচাষের পুকুরে পানির প্রবাহ তৈরী এবং দ্রবীভূত অক্সিজেন সরবরাহ নিয়ন্ত্রণের মাধ্যমে মাছের উৎপাদন দ্রুত বৃদ্ধি করা যায়। <b>সূচক-</b> খামারে আধুনিক এরেশন ব্যবস্থাপনা দৃশ্যমান।	
		ঞ) গুনগত ও নিরাপদ মৎস্য খাদ্য উৎপাদন নিশ্চিতকরণ	২.১, ২.৩ ২.৫	-	-	২০%	৩০%	৫০%	১০০%	প্রায় ৬০-৮০ ভাগ খরচ হয় কৃত্রিম খাবার ক্রয়ের জন্য। এ খাদ্য গুনগত মানসম্পন্ন ও নিরাপদ হলে সেটি মাছের উৎপাদন বৃদ্ধির জন্য পরিপূরক। <b>সূচক-</b> বাজারে প্রাপ্য মৎস্য খাদ্য নিরাপদ ও মানসম্পন্ন
		ট) উৎপাদিত মাছের ন্যায্য মূল্য প্রাপ্তির লক্ষ্যে উৎপাদনকারী ও বিপনন সংগঠন তৈরী	২.১, ২.৩ ২.৫	-	-	বর্তমানে এ ধরনের কোন সংগঠন নেই।	১ টি	২ টি	৩ টি	অন্যান্য দ্রব্যাদির তুলনায় বাজারে মাছের দাম তুলনামূলকভাবে কম। বর্তমানে এ জেলায় উৎপাদিত উদ্ভূত মাছ ঢাকাসহ সারা দেশে বাজারজাত হচ্ছে। মধ্যস্বত্বভোগীদের একক আধিপত্যের কারণে উৎপাদনকারীগণ ন্যায্য মূল্য পাচ্ছে না। এজন্য উৎপাদনকারী ও বিপনন সংগঠন তৈরী বিশেষ প্রয়োজন। যার মাধ্যমে বাজার ব্যবস্থায় তাদের প্রভাব বিস্তারের সুযোগ সৃষ্টি হবে। <b>সূচক-</b> উৎপাদকদের সংগঠন চলমান।

কর্মপরিকল্পনা

সেক্টর	ভিশন	কার্যক্রম	এসডিজি-২০৩০ ও জাতীয় লক্ষ্যমাত্রার সংশ্লিষ্টতা		বর্তমান অবস্থা	কর্মপরিকল্পনা			সূচক/ মন্তব্য	
			এসডিজি লক্ষ্যমাত্রা	জাতীয় লক্ষ্যমাত্রা		স্বল্পমেয়াদী ২০১৮-২০২১	মধ্যমেয়াদী ২০১৮-২০৩০	দীর্ঘমেয়াদী ২০১৮-২০৪১		
				২০২১						২০৩০
		ঠ) মাছের রোগ নির্ণায়ক গবেষণাগার স্থাপন	২.১, ২.৩ ২.৫	-	-	বর্তমানে কোন গবেষণাগার নেই।	জেলা সদরে ১ টি গবেষণাগার/ ল্যাব স্থাপন	উপজেলা পর্যায়ে ১ টি করে গবেষণাগার/ ল্যাব স্থাপন	সুষ্ঠু ব্যবস্থাপনা	আধুনিক রোগ নির্ণায়ক গবেষণাগার স্থাপনের মাধ্যমে মাছ চাষের ঝুঁকি থেকে অনেকখানি পরিত্রাণ সম্ভব। <b>সূচক-</b> মাছের রোগ নির্ণায়ক গবেষণাগার স্থাপিত ও কার্যকর।
		ড) মাছ সংরক্ষণে আধুনিক মৎস্য সংরক্ষণাগার স্থাপন।	২.১, ২.৩ ২.৫, ১২.৩	-	-	বর্তমানে কোনো আধুনিক মৎস্য সংরক্ষণাগার নেই।	জেলায় ১ টি আধুনিক মৎস্য সংরক্ষণাগার স্থাপন	উপজেলা পর্যায়ে ১ টি করে আধুনিক মৎস্য সংরক্ষণাগার স্থাপন	সুষ্ঠু ব্যবস্থাপনা	ন্যায্য মূল্য পাবার পাশাপাশি অতিরিক্ত উৎপাদিত মাছ সংরক্ষণে অত্যন্ত গুরুত্বপূর্ণ এ সংরক্ষণাগার। <b>সূচক-</b> আধুনিক মৎস্য সংরক্ষণাগার চলমান।
কৃষি	টেকসই ও নিরাপদ কৃষি	ঢ) বাজার ব্যবস্থায় তথ্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি	২.১, ২.৩ ২.৫ ১২.৩	১৭.৮.১ ৪০%	১৭.৮.১ ৯০%	কোনো এ্যাপস নেই।	এ্যাপস ও অনলাইন বাজার তৈরী	৫০% মৎস্য সম্পদ অনলাইনে বাজারজাত করণ	ন্যায্যমূল্য প্রাপ্তি	বর্তমানে এ জেলায় উৎপাদিত উদ্বৃত্ত মাছ ঢাকাসহ সারা দেশে বাজারজাত হচ্ছে। ক্রমবর্ধমান উৎপাদিত মাছের ন্যায্যমূল্য নিশ্চিত করার লক্ষ্যে তথ্য প্রযুক্তির সাহায্যে তারা যাতে সহজেই বাজার মূল্য ও অন্যান্য তথ্যাদি পায় তার জন্য প্রয়োজনীয় এ্যাপস তৈরী ও অন্যান্য কারিগরি সহায়তা প্রদান করা হবে। ফলে মৎস্যচাষীরা সহজেই মাছ বাজার মূল্য অনুযায়ী বাজারজাত করতে পারবে। <b>সূচক-</b> এ্যাপস ও অনলাইন বাজার ব্যবস্থা বিদ্যমান।
		ণ) উৎপাদিত মাছের বহুমুখী ব্যবহার ও উদ্যোক্তা তৈরী (ফিশ বল, ফিলেট, ফিস সস, ফিস পাউডার, ফিস বার্গার ইত্যাদি)	২.৩ ৮.৩	৮.৩.১ ৭৫%	৮.৩.১ ৬৫%	বর্তমানে এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন	৩০ জন উদ্যোক্তা	৯০ জন	বিদেশে রপ্তানির জন্য সক্ষমতা অর্জন	উন্নত বিশ্বে মাছকে বিভিন্নভাবে (ফিশ বল, ফিলেট, ফিস সস, ফিস পাউডার, ফিস বার্গার ইত্যাদি) বাজারজাত করা হয়। ফলে মাছ খাদ্য তালিকায় কোন না কোনভাবে থাকেই। এ জেলায় যদি উক্ত বিষয়গুলোর উপর প্রশিক্ষণ প্রদান এবং উদ্যোক্তা করা যায় তবে এক দিকে যেমন মাছের বহুবিধ ব্যবহার নিশ্চিত হবে, অন্যদিকে কর্মসংস্থান ও আর্থিক স্বচ্ছলতা গতিশীল হবে। <b>সূচক-</b> মূল্য সংযোজিত মৎস্যপণ্য উৎপাদন

কর্মপরিকল্পনা

সেক্টর	ভিশন	কার্যক্রম	এসডিজি-২০৩০ ও জাতীয় লক্ষ্যমাত্রার সংশ্লিষ্টতা			বর্তমান অবস্থা	কর্মপরিকল্পনা			সূচক/ মন্তব্য
			এসডিজি লক্ষ্যমাত্রা	জাতীয় লক্ষ্যমাত্রা			স্বল্পমেয়াদী ২০১৮-২০২১	মধ্যমেয়াদী ২০১৮-২০৩০	দীর্ঘমেয়াদী ২০১৮-২০৪১	
				২০২১	২০৩০					
									কারখানা চলমান।	
		ত) খামারি পর্যায়ে মানসম্পন্ন পোনা মাছ প্রাপ্তিতে সহায়তা প্রদান	২.১, ২.৩ ২.৫	-	-	সরকারী পর্যায়ে ০২ টি ও বেসরকারী পর্যায়ে ০২ টি হ্যাচারী আছে। তবে কোনটিই আধুনিক হ্যাচারী নয়।	প্রতি উপজেলায় ১ টি করে আধুনিক হ্যাচারী স্থাপন	মানসম্পন্ন পোনা মাছ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন	মানসম্পন্ন পোনা সরবরাহের টেকসই ব্যবস্থাপনা	অধিকাংশ ক্ষেত্রে মৎস্যচাষীরা সঠিক জাতের ও গুনগত মানের পোনা মাছ না পাওয়ার কারণে মাছচাষে লাভবান হতে পারেন না। এ উদ্যোগের ফলে মৎস্যচাষীরা সঠিকজাতের ও গুনগত মানসম্পন্ন পোনা মাছ পাবেন এবং আর্থিকভাবে লাভবান হবেন। <b>সূচক</b> -নিম্নমানের মাছের পেনার অনুপস্থিতি।